# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৬

( ২০১৬ সনের ৪৮ নং আইন )

**Bangladesh Nursing Council Ordinance, 1983 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুনঃপণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১০ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাকঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Bangladesh Nursing Council Ordinance, 1983 (Ordinance No. LXI of 1983) এর বিষয়বস্তু বিবেচনাপূর্বক রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) “কাউন্সিল” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল;

(২) “তফসিল” অর্থ এই আইনের কোন তফসিল;

(৩) “নার্স” অর্থ এই আইনের অধীন স্বীকৃত কোন নার্স;

(৪) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৫) “পোস্ট-বেসিক” অর্থ ডিপ্লোমা উত্তীর্ণ রেজিস্টার্ড নার্স ও মিডওয়াইফদের জন্য ২ (দুই) বৎসর মেয়াদী বিএসসি শিক্ষা ও প্রশিক্ষণ;

(৬) “প্রেসিডেন্ট” অর্থ কাউন্সিলের প্রেসিডেন্ট;

(৭) “ফৌজদারী কার্যবিধি” অর্থ Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(৮) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৯) “মিডওয়াইফ” অর্থ এই আইনের অধীন স্বীকৃত কোন মিডওয়াইফ;

(১০) “রেজিস্ট্রার” অর্থ ধারা ৭(১) এর অধীন নিয়োগকৃত কাউন্সিলের রেজিস্ট্রার;

(১১) “সদস্য” অর্থ কাউন্সিলের সদস্য;

(১২) “সহযোগী পেশা” অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে স্বীকৃত অন্য কোন পেশা, যেমন:- সহকারী নার্স, জুনিয়র মিডওয়াইফ, পরিবার কল্যাণ পরিদর্শক, পরিবার কল্যাণ সহকারী, ডিপ্লোমাত্তোর স্পেশালাইজেশন, কমিউনিটি বেসড স্কিল্ড বার্থ এটেনডেন্ট, কমিউনিটি প্যারামেডিক, যাহারা কাউন্সিল কর্তৃক অনুমোদিত অন্যান্য কোর্স সম্পন্নক্রমে সংশ্লিষ্ট পেশায় অনুশীলন (Practice) করিবার জন্য নিবন্ধিত;

(১৩) “স্বীকৃত” অর্থ বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত বা অধিভুক্ত; এবং

(১৪) “শিক্ষা প্রতিষ্ঠান” অর্থ কাউন্সিল কর্তৃক প্রণীত এবং অনুমোদিত সিলেবাস এবং কোর্স-কারিকুলাম অনুযায়ী নার্সিং ও মিডওয়াইফারি বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাকারী কোন প্রতিষ্ঠান।

**কাউন্সিল প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল নামে একটি কাউন্সিল প্রতিষ্ঠিত হইবে।

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার এবং চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে, এবং ইহা স্বীয় নামে

মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**কাউন্সিলের গঠন**

৪। (১) কাউন্সিল নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, পদাধিকারবলে, যিনি কাউন্সিলের প্রেসিডেন্টও হইবেন;

(খ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, পদাধিকারবলে;

(গ) মহাপরিচালক, পরিবার কল্যাণ অধিদপ্তর, পদাধিকারবলে;

(ঘ) মহাপরিচালক, সশস্ত্র বাহিনী মেডিকেল সার্ভিসেস, পদাধিকারবলে;

(ঙ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের হাসপাতাল ও নার্সিং অনুবিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(চ) পরিচালক, চিকিৎসা-শিক্ষা ও স্বাস্থ্য ও জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, পদাধিকারবলে;

(ছ) পরিচালক, সেবা পরিদপ্তর, পদাধিকারবলে;

(জ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(ঝ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মচারী;

(ঞ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত সরকারি মেডিকেল কলেজের একজন অধ্যক্ষ;

(ট) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বেসরকারি মেডিকেল কলেজের একজন অধ্যক্ষ;

(ঠ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত সরকারি নার্সিং কলেজের একজন অধ্যক্ষ;

(ড) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত সরকারি নার্সিং ইনস্টিটিউটের একজন অধ্যক্ষ;

(ঢ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত স্বীকৃত বেসরকারি নার্সিং কলেজের একজন অধ্যক্ষ;

(ণ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত স্বীকৃত বেসরকারি নার্সিং ইনস্টিটিউটের একজন অধ্যক্ষ;

(ত) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক মনোনীত উক্ত কাউন্সিলের অন্যূন ডেপুটি-রেজিস্ট্রার পদমর্যাদার একজন প্রতিনিধি;

(থ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব নার্সিং এর একজন ডীন;

(দ) সেবা পরিদপ্তর কর্তৃক মনোনীত সরকারি মেডিকেল কলেজ হাসপাতালের একজন নার্সিং সুপারিনটেনডেন্ট;

(ধ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালের একজন নার্সিং সুপারিনটেনডেন্ট;

(ন) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বাংলাদেশ নার্সেস এসোসিয়েশনের একজন প্রতিনিধি;

(প) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটির একজন প্রতিনিধি;

(ফ) রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল।

(২) উপ-ধারা (১) এর দফা (ক) - (ঞ), (ড) এবং (ত)- (দ) তে উল্লিখিত মনোনীত সদস্যগণ ব্যতীত কাউন্সিলের অন্যান্য মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে মনোনয়ন প্রদানকারী কর্তৃপক্ষ মনোনীত কোন সদস্যকে তাহার দায়িত্ব হইতে যে কোন সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৪) কাউন্সিল কোন কারণে বাধাগ্রস্ত না হইলে উহার প্রথম সভায় সদস্যগণের মধ্য হইতে একজন ভাইস-প্রেসিডেন্ট, একজন ট্রেজারার ও একজন সচিব নির্বাচন করিবে।

(৫) কোন সদস্য, প্রেসিডেন্ট বরাবরে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, তবে প্রেসিডেন্ট কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৬) কোন ব্যক্তি একাধিক যোগ্যতায় কাউন্সিলের সদস্য হইতে বা থাকিতে পারিবেন না।

**কাউন্সিলের ক্ষমতা ও দায়িত্ব**

৫। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিলের ক্ষমতা ও দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:-

(ক) বাংলাদেশের নার্সিং, মিডওয়াইফারি ও সহযোগী পেশার শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ এবং উক্ত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত নার্সিং, মিডওয়াইফারি ও সহযোগী পেশার শিক্ষা ও প্রশিক্ষণ যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(খ) বাংলাদেশের বাহিরে অবস্থিত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(গ) অন্য কোন দেশের নার্সিং কাউন্সিল বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত আলোচনার মাধ্যমে সেই দেশের নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা যোগ্যতার বিষয়ে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে স্বীকৃতি প্রদানসহ এতদসংক্রান্ত পরিকল্পনা গ্রহণ ও পরিচালনা;

(ঘ) নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষার ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তরসহ সকল পর্যায়ে অভিন্ন ন্যূনতম মানসম্পন্ন পাঠ্যসূচী ও কোর্স প্রণয়ন, বাস্তবায়ন এবং উহার মেয়াদ নির্ধারণ;

(ঙ) নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষার ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির নীতিমালা ও শর্তাদি নির্ধারণ;

(চ) নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নীতিমালা ও শর্তাদি নির্ধারণ;

(ছ) নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষা এবং সহযোগী পেশার প্রশিক্ষণ পরিচালনাকারী প্রতিষ্ঠানে নিয়োগের জন্য শিক্ষকগণের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাও অভিজ্ঞতার মান নির্ধারণ;

(জ) স্বীকৃতির যোগ্য নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান এবং সহযোগী পেশার প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত নার্সিং শিক্ষা যোগ্যতা ও মিডওয়াইফারি শিক্ষাগত ও পেশাগত যোগ্যতার জন্য প্রয়োজনীয় মানসম্পন্ন পরীক্ষা গ্রহণ, পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং আনুষাঙ্গিক অন্যান্য বিষয় নির্ধারণসহ বিভিন্ন মেয়াদের নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা এবং সহযোগী পেশার প্রশিক্ষণ কার্যক্রম ও শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা;